# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৬. ১৫. যীশুর মাথায় টাঙানো বিবরণে কী লেখা ছিল?

গভর্নর পীলাত যীশুর বিচার করে ক্রুশে চড়ানোর সময় তাঁর অপরাধের বিবরণ লেখে মাথার উপর টাঙিয়ে দেন। সামান্য কয়েকটা শব্দের একটা সংক্ষিপ্ত বাক্যে অপরাধের বিবরণ লেখা হয়েছিল, সে শব্দগুলোর বিবরণেও চার সুসমাচার লেখক চার প্রকারের বাক্য লেখেছেন। মথি (২৭/৩৭) "এ ব্যক্তি ঈসা, ইহুদীদের রাজা।" মার্ক (১৫/২৬): "ইহুদীদের বাদশাহ।" লূক (২৩/৩৮): "এই ব্যক্তি ইহুদীদের বাদশাহ।" যোহন (১৯/১৯): "নাসরতীয় ঈসা, ইহুদীদের বাদশাহ।"

কোনো স্কুল-ছাত্রও যদি এ প্রকারের ঘটনায় এরূপ একজন ব্যক্তির মাথার উপরে লটকানো এ রকম একটা ছোট্ট বাক্য একবার মাত্র দেখে তাহলে সে আর কখনো তা ভুলবে না। অথচ আশ্চর্যের বিষয় হল, এ সামান্য সংক্ষিপ্ত বাক্যটাকেও সুসমাচার লেখকরা হুবহু মুখস্থ রাখতে পারেননি; তাহলে দীর্ঘ ঘটনাগুলোর বর্ণনায় তাদের স্মৃতির উপর কিভাবে নির্ভর করা যায়?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14052

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন